

ডিগ্রির সমমান দাবিতে অবরোধ নার্সিং শিক্ষার্থীদের

নিজস্ব প্রতিবেদক

১৫ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সমস্যা



ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স অ্যান্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স দুটিকে ডিগ্রি পাস কোর্স হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবিতে গতকাল রাজধানীর ব্যস্ততম শাহবাগ মোড় অবরোধ করা হয়। দাবি আদায় না হওয়া পর্যন্ত এ অবরোধ চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন ডিপ্লোমা নার্সিং শিক্ষার্থীরা।

এর আগে গতকাল সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনারে জড়ো হন দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত ডিপ্লোমা নার্সিং শিক্ষার্থীরা। পরে ডিপ্লোমা নার্সিংকে ডিগ্রির সমমান ঘোষণার প্রজ্ঞাপন জারি করতে আন্দোলনকারীরা এক ঘণ্টা সময় বেঁধে দেন। আল্টিমেটাম শেষে কোনো আশ্বাস না পেয়ে দুপুর ২টা ১০ মিনিটের দিকে তারা শাহবাগ মোড় অবরোধ করেন। বিক্ষোভ চলাকালেই হঠাৎ শুরু হয় ঝড়ো হাওয়া ও বৃষ্টি। প্রতিকূল পরিবেশেও আন্দোলনকারীরা সেখানে অনড় অবস্থান করেন এবং স্লোগান দিতে থাকেন। এ সময় পথে বের হওয়া নগরবাসীকে তীব্র যানজটের কারণে চরম ভোগান্তিতে পড়তে হয়।

জামালপুর নার্সিং কলেজ থেকে বিক্ষোভে যোগ দেওয়া শিক্ষার্থী আপন মাহমুদ জানান, এইচএসসি পাস করে ১১০ ক্রেডিটের তিন বছর ছয় মাস মেয়াদি কোর্স সম্পন্ন করার পরও ডিগ্রির মান দেওয়া হচ্ছে না। পক্ষান্তরে,

এইচএসসি পাস করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিন বছর কোর্স শেষ করেও ডিগ্রির মান পাচ্ছেন অন্যান্যরা। ডিপ্লোমা নার্সিং শিক্ষার্থীদের সঙ্গে এর মাধ্যমে বৈষম্য করা হচ্ছে। তিনি বলেন, আমরা তিন বছর ডিপ্লোমা নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি সম্পন্ন করে ছয় মাসের ইন্টার্ন করার পরও আমাদের এইচএসসি সমমান ডিগ্রি দেওয়া হয়। আমরা এটি মানতে পারি না।

বিক্ষোভরত শিক্ষার্থী রাতুল ওয়াহিদ বলেন, বৈষম্যবিরোধী বাংলাদেশে আমাদের সঙ্গে বৈষম্য হচ্ছে। একবার এইচএসসি শেষ করে তিন-সাড়ে তিন বছর পড়াশোনা, এর পর ইন্টারশিপ করে আমরা আবার এইচএসসি সমমান সার্টিফিকেট পাচ্ছি। তা হলে আমাদের দাবি কি যৌক্তিক নয়?

শিক্ষার্থীরা বলছেন, দীর্ঘদিন ধরে দাবি আদায়ে মানববন্ধন, সংশ্লিষ্টদের বরাবর স্মারকলিপি পেশসহ তারা বিভিন্ন কর্মসূচি পালন করে আসছেন। সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষকে একাধিকবার তাদের দাবির বিষয়ে জানিয়েছেন। দাবি না মানায় তারা বাধ্য হয়ে শাহবাগে অবস্থান নিয়েছেন। দাবি না মানা পর্যন্ত এ অবরোধ চলবে। আন্দোলনকারীরা গতকালই প্রজ্ঞাপন জারির দাবি জানালেও রাতে এ প্রতিবেদন লেখা পর্যন্ত প্রজ্ঞাপন জারি বা সরকারের তরফে কিছু বলা হয়নি।

সর্বশেষ

গতকাল রাত দশটার দিকে এ প্রতিবেদন লেখার সময় প্রাপ্ত খবরে জানা যায়, আন্দোলনরত শিক্ষার্থীদের শাহবাগ মোড় থেকে সরিয়ে দিয়েছে পুলিশ। ফলে ব্যস্ত এ সড়কে যান চলাচল অনেকটাই স্বাভাবিক হয়ে এসেছে। শিক্ষার্থীরা বলছেন, পুলিশ তাদের উপর বেধড়ক লাঠিচার্জ করেছে। আন্দোলনকারীরা এরপর ছত্রভঙ্গ হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান নিয়েছেন।